



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.০৪৭৫

তারিখ: ০২/০২/২০২১ খ্রি.

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি।

- সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৩.১৭.৬৪৭; তারিখ: ১৪ নভেম্বর ২০২১
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৭৯; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.
৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৮০; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.
৪। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১ (অংশ-১)-৬৯৩; তারিখ: ২৫ নভেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত কেন্দ্রীয়ভাবে অনলাইন লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক ভর্তি কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত ভর্তি কার্যক্রমে যে সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করতে পারেনি তাদেরকে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।

- ২০২২ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না;
- ২০২২ শিক্ষাবর্ষে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত শিক্ষার্থী ভর্তির আবেদন ফরমের ফি (সরকারি ও বেসরকারি) কোনোট্রেমেই ১১০/- টাকার বেশি গ্রহণ করা যাবে না;
- সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা (সংশোধিত-২০২১) এ গঠিত ঢাকা মহানগর/জেলা/উপজেলা ভর্তি কমিটির উপস্থিতিতে লটারি প্রক্রিয়া অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে;
- বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালায় গঠিত মহানগরী/জেলা/উপজেলা ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটির উপস্থিতিতে লটারি প্রক্রিয়া অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে;
- লটারি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটি, ঢাকা মহানগরীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি, মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি, অভিভাবক প্রতিনিধি, ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধি ও শিক্ষক প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- ২০২২ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন ও ভর্তি প্রক্রিয়া অবশ্যই আগামী ৩০/১২/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে নিষ্পন্ন করতে হবে;
- যথাযথ স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে লটারি কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা গ্রহণ করতে হবে;
- সর্বোপরি লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়াটি যেন কোনভাবেই প্রশংহিত না হয় তা নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

শ্রেয়স প্রকল্প
উত্তম
নির
০২.০২.২০
এস, এম, আব্দুল হাফিজ
উপ-পরিচালক (জরুরি)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ, ঢাকা

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সরকারি ও বেসরকারি মাধ্যমিক-১)]
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
- ৩। জেলা প্রশাসক, সকল
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৭। জেলা শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সকল
- ৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [নির্দেশনাটি সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের অনুরোধসহ]
- ১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১। সংরক্ষণ নথি

মোহাম্মদ
০২.০২.২০২০

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

dd-sec@dshe.gov.bd

২৬৪
০৬/১২/২০